# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 18.04.24** **Time: 07.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) লোকসভা নির্বাচনের প্রথম দফায় আগামীকাল এরাজ্যের ৩ আসন কোচবিহার, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ারে ভোটগ্রহণ।

অবাধ ও শান্তিপূর্ণ ভোটগ্রহণে মোতায়েন থাকছে ২৬৩ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী।

২) মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার সমস্ত ভোটদাতাকে তাদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগের আবেদন জানিয়েছেন।

৩) লোকসভা নির্বাচনের চতুর্থ দফার জন্য আজ বিজ্ঞপ্তি জারি হচ্ছে।

তৃতীয় দফার ভোটের জন্য প্রার্থী পদ দাখিলের সময়সীমাও শেষ হচ্ছে আজ।

৪) দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আগামী রবিবার পর্যন্ত তাপপ্রবাহের সতর্কতা জারি।

oooooooooooooooooooooo

প্রথম দফার লোকসভা নির্বাচনে আগামীকাল ভোটগ্রহণ। এই দফায় দেশের ১৭-টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে ১০২-টি আসনে ভোটগ্রহণ করা হবে। এর মধ্যে রয়েছে উত্তরবঙ্গের ৩ টি আসন – কোচবিহার, জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ার। সকাল ৭-টায় ভোটগ্রহণ শুরু হয়ে চলবে সন্ধে ৬-টা পর্যন্ত।

ভোটগ্রহণ অবাধ ও শান্তিপূর্ণ রাখতে ২৬৩ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থাকছে। সব বুথে থাকছে ওয়েবকাস্টিং-এর ব্যবস্থা। তবে আলিপুরদুয়ার এবং জলপাইগুড়ির প্রত্যন্ত এলাকার কয়েকটি বুথে ইন্টারনেট সংযোগ না থাকায় সেখানে মাইক্রো অবজার্ভার থাকবেন। ভোট প্রক্রিয়ার ভিডিওগ্রাফি করবেন তাঁরা। তিন কেন্দ্র মিলিয়ে ভোটার সংখ্যা ৫ কোটি ১১ লক্ষের বেশি।

এদিকে, আজ সকাল থেকেই বিভিন্ন ডি সি আর সি কেন্দ্রগুলিতে ভোট কর্মীরা তাঁদের ভোটের সরঞ্জাম সংগ্রহ করতে পৌঁছে যাচ্ছেন।

oooooooooooooooooooooo

কোচবিহার থেকে আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ করতে নিশ্ছিদ্র নিরাপত্তার ব্যবসল্থা করেছে নির্বাচন কমিশন। ১১২ কোম্পানী কেন্দ্রীয় বাহিনীর পাশাপাশি থাকবে প্রায় ৫ হাজার রাজ্য পুলিশ। কোনো অভিযোগ এলে দ্রুত যাতে সেখানে পৌঁছনো যায়, সেব্যাপারে সতর্ক কমিশন।

oooooooooooooooooooooo

অষ্টাদশ লোকসভা নির্বাচনের প্রক্কালে মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার সমস্ত ভোটদাতাকে তাদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করার আবেদন জানিয়েছেন। তিনি বলেছেন, ভারতীয় গণতন্ত্রকে মজবুত করেছে অবাধ ও সুষ্ঠু নির্বাচন। প্রত্যেক ভোটারের উচিত জন প্রতিনিধি নির্বাচনে তাঁর অধিকার প্রয়োগ করা।

(বাইট – রাজীব কুমার)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে নির্বাচন কমিশন, রাজ্যপালকে কোচবিহার না যাওয়ার অনুরোধ জানিয়ে মেল পাঠিয়েছ। কমিশনের বক্তব্য, প্রোটোকল অনুযায়ী রাজ্যপাল জেলা সফরে গেলে তাঁকে অভ্যর্থনা করে থাকেন জেলাশাসক ও প্রশাসনের পদাধিকারীরা। কিন্তু নির্বাচনের সময় ভোটের কাজে তারা ব্যস্ত থাকবেন। তাই রাজ্যপালকে কমিশন, এই সময় কোচবিহার সফর না করার পরামর্শ দিয়েছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচন কমিশনের কাছে তৃণমূল কংগ্রেস নেতা, উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহকে ভোটের দিন গৃহবন্দি করে রাখার দাবি জানালো বিজেপি। সাংবাদিক বৈঠক করে দলের নাটাবাড়ি কেন্দ্রের বিধায়ক মিহির গোস্বামী গতকাল জানান, ১৫ ই এপ্রিল কমিশনের কাছে এই দাবি জানিয়েছেন, কোচবিহারের বিজেপি প্রার্থী নিশীথ প্রামাণিক।

বাইট

উদয়ন গুহর নেতৃত্বে দিনহাটায় সন্ত্রাস চলছে বলে অভিযোগ করে, ভোটের দিন তিনি যাতে নিজের বুথের বাইরে না যেতে পারেন, কমিশনের কাছে  সেই দাবি জানিয়েছেন বিজেপি প্রার্থী।

যদিও উদয়ন গুহের দাবি, ভয় পেয়েই নিশীথ মিথ্যা অভিযোগ করছেন।

বাইট

এদিকে, ভোটের আগে গতকাল ফের উত্তপ্ত কোচবিহার। দিনহাটার ভেটাগুড়িতে তৃণমূল কংগ্রেস প্রার্থীর সমর্থনে প্রচার গাড়িতে হামলা ও ভাঙচুর চালানোর অভিযোগ উঠেছে বিজেপির বিরুদ্ধে। এই ঘটনায় একজন আহত হয়েছেন। যদিও অভিযোগ অস্বীকার করেছে বিজেপি। গতরাতে শীতলকুচিতে তৃণমূলের একটি অস্থায়ী কার্যালয়ে আগুন ধরিয়ে দেওয়ারও অভিযোগ ওঠে বিজেপির বিরুদ্ধে।

oooooooooooooooooooooooo

লোকসভা নির্বাচনের চতুর্থ দফার জন্যে বিজ্ঞপ্তি জারি হচ্ছে আজ। সেই সঙ্গে শুরু হবে মনোনয়ন পত্র দাখিলের কাজ।

এই দফায় পশ্চিমবঙ্গ সহ ৯ টি রাজ্য ও ১ টি কেন্দ্রশাসিত অঞ্চলের ৯৬ টি লোকসভা আসনে ভোট নেওয়া হবে ১৩ ই মে। এর মধ্যে রয়েছে পশ্চিমবঙ্গের ৮'টি আসন- বহরমপুর, কৃষ্ণনগর, রাণাঘাট, বর্ধমান পূর্ব, বর্ধমান –দুর্গাপুর, আসানসোল, বীরভূম ও বোলপুর। ২৫শে এপ্রিল পর্যন্ত মনোনয়ন পত্র দাখিল করা যাবে।

এদিকে, তৃতীয় দফার ভোটের জন্য প্রার্থীপদ দাখিলের সময়সীমাও শেষ হচ্ছে আগামীকাল। এই দফায় পশ্চিমবঙ্গের চারটি সহ ৯৪টি আসনে ভোট গ্রহণ ৭'ই মে। এরাজ্যের আসনগুলি হল- মালদা উত্তর, মালদা দক্ষিণ, জঙ্গিপুর ও মুর্শিদাবাদ।

একই সঙ্গে মুর্শিদাবাদের ভগবানগোলা বিধানসভা আসনের উপ নির্বাচনেও ওইদিনই ভোট নেওয়া হবে।

oooooooooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ উত্তরবঙ্গে দ্বিতীয় দফার ভোটের প্রচারে অংশ নেবেন। প্রথমে রায়গঞ্জ ও পরে বালুরঘাটে প্রচার করবেন তিনি। এই দুই জায়গাতেই মঙ্গলবার প্রচারে যান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। পূর্ব বর্ধমানে আজ দলীয় নেতা-

কর্মীদের সঙ্গে ঘরোয়া বৈঠক করবেন তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। এই লোকসভা কেন্দ্রে তৃণমূলের প্রার্থী শর্মিলা সরকার।

এদিকে মুর্শিদাবাদ আসনের জন্য আজ মনোনয়নপত্র জমা দেবেন সিপিএমের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম। বহরমপুরে সেলিমের মনোনয়ন জমা দেওয়ার সময় সেখানে থাকার কথা প্রদেশ কংগ্রেস সভাপতি তথা বহরমপুরের কংগ্রেস প্রার্থী অধীর চৌধুরীর।

oooooooooooooooooooooooo

বিজেপি, তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির বিরুদ্ধে নির্বাচনী বিধি ভঙ্গের অভিযোগ জানিয়েছে। দলের নেতা শিশির বাজোরিয়া রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি দিয়ে জানান, সম্প্রতি মুখ্যমন্ত্রী জলপাইগুড়ির ময়নাগুড়িতে এক জনসভায় তার বক্তব্যের মাধ্যমে ভোটদাতাদের উত্তেজিত করার চেষ্টা করেছেন। পাশাপাশি মুখ্যমন্ত্রীর বক্তব্যে ভোট পরবর্তী হিংসার প্রচ্ছন্ন ইঙ্গিত রয়েছে। বারবার এই ধরনের উস্কানিমূলক বক্তব্যের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন শ্রী বাজোরিয়া।

oooooooooooooooooooooooo

পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রাম এক নম্বর ব্লকের সোনাচূড়ার সাউদখালি এলাকায় বিজেপির পার্টি অফিস পুড়িয়ে দেওয়ার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। অভিযোগ অস্বীকার করে শাসক দলের দাবি, বিজেপিরই আদি আর নব্য গোষ্ঠীর মধ্যে গন্ডগোলের জেরে এই ঘটনা। এর সঙ্গে তৃণমূলের কোনও সম্পর্ক নেই।

oooooooooooooooooooooooo

মুর্শিদাবাদে রামনবমীর শোভাযাত্রায় হামলার ঘটনায় বিজেপি যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাচন কমিশনের কাছে দাবি জানিয়েছে। রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল এক ট্যুইট বার্তায় অভিযোগ করেন যে, পুলিশ প্রশাসন মিছিলে অংশগ্রহণকারীদের নিরাপত্তা দিতে ব্যর্থ হয়েছে। মিছিলে প্রশাসনের অনুমতি থাকা সত্ত্বেও জেলার শক্তিপুর ও রেজিনগরে আক্রান্ত হয়েছেন, বিজেপি কর্মী সমর্থকরা। মুখ্যমন্ত্রীর উস্কানির ফলেই এই ঘটনা বলে বিরোধী দলনেতার দাবি।

দলের রাজ্য সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায় জানিয়েছেন অভিযুক্ত পুলিশ কর্মীদের শাস্তি দিতে নির্বাচন কমিশনের কাছে দাবি জানাবে দল।

উল্লেখ্য, মুর্শিদাবাদের শান্তিপুর স্কুল মোড়ে রামনবমীর শোভাযাত্রা চলাকালীন কয়েকজন দুষ্কৃতী অতর্কিতে হামলা চালিয়ে বোমাবাজি করে কিছু বাড়ি ভাঙচুর করা হয় । বেশ কয়েকজন আহত হয়েছেন। পরিস্থিতি সামাল দিতে পুলিশ টিয়ার গ্যাসের সেল ফাটায়।

এদিকে, প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী গতকাল মুর্শিদাবাদ মেডিকেল কলেজ হাসপাতালে আহতদের দেখতে গেলে বিজেপি-র বিক্ষোভের মুখে পড়তে হয়।

ooooooooooooooooooooooooo

এনআরসি ও সিএএ-কে নরেন্দ্র মোদী এবং মমতা ব্যানার্জী ভোটের হাতিয়ার হিসাবে ব্যবহার করছেন বলে প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী অভিযোগ করেছেন। মালদার চাঁচোলে গতকাল এক নির্বাচনী জনসভায় তিনি ভাষণ দিচ্ছিলেন। মালদা উত্তরে বাম সমর্থিত কংগ্রেস প্রার্থী মুস্তাক আলমের সমর্থনে আয়োজিত এই জনসভায় উপস্থিত ছিলেন দুটি দলেরও নেতৃবৃন্দ।

oooooooooooooooooooo

দক্ষিণবঙ্গে বিভিন্ন জেলায় আগামী রবিবার পর্যন্ত তাপপ্রবাহের সতর্কতা জারি করেছে আলিপুর আবহাওয়া দপ্তর। আগামী দুদিন সর্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিকের তিন থেকে পাঁচ ডিগ্রী ওপরে থাকার সম্ভাবনা। কলকাতায় আজ সর্বোচ্চ চাপমাত্রা ৩৯ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চার ডিগ্রি ওপরে। সর্বনিম্ন তাপমাত্রাও ছিল স্বাভাবিকের চেয়ে তিন ডিগ্রি বেশি ২৯ দশমিক ৫ ডিগ্রি সেলিসয়াস।

কলকাতায় গতকাল সর্বোচ্চ তপমাত্রা ৩৯ দশমিক চার ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের চার ডিগ্রী ওপরে। সর্বনিম্ন তাপমাত্রা ছিল স্বাভাবিকের চেয়ে তিন ডিগ্রী বেশি ২৯ দশমিক ৪ ডিগ্রী সেলসিয়াস।

প্রচন্ড গরমের জন্য অসুস্হতা এড়াতে সকাল ১১-টা থেকে বিকেল ৪-টে পর্যন্ত রোদে না থাকার পরামর্শ দেওয়া হয়েছে। পর্যাপ্ত জল পান করা প্রয়োজন। পড়তে হবে হাল্কা সুতির পোশাক।

oooooooooooooooooooo

তীব্র তাপপ্রবাহের কারণে রাজ্যের স্কুলগুলিতে গরমের ছুটি এগিয়ে আনা হচ্ছে বলে রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু সংবাদ মাধ্যমকে জানিয়েছে। ২২-শে এপ্রিল থেকেই গরমের ছুটি শুরু হতে পারে বলে সূত্রের খবর। তবে, শিক্ষা দফতরের পক্ষ থেকে এখনও কোন সরকারী নির্দেশিকা জারি করা হয়নি।

oooooooooooooooooooo

সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে আচার্য তথা রাজ্যপাল সিভি আনন্দ বোস রাজ্যের ছটি বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগ করেছেন। রাজ্য সরকারের পাঠানো তালিকা থেকে বেছে নিয়ে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী উপাচার্য হিসাবে ভাস্কর গুপ্তকে দায়িত্ব দেওয়া হয়েছে বলে সরকারি সূত্রে জানা গিয়েছে।

এছাড়া পবিত্র চট্টোপাধ্যায়কে গৌড়বঙ্গ, প্রেম পোদ্দারকে দার্জিলিং হিল, অমিয় কুমার পান্ডাকে ঝাড়গ্রামের সাধুরাম মূর্মু, তপন কুমার বিশ্বাসকে ঠাকুরনগরের হরিচাঁদ গুরুচাঁদ ও আশুতোষ ঘোষকে রাণি রাসমনি গ্রিন ইউনিভার্সিটির অস্থায়ী উপাচার্য পদে নিযুক্ত দায়িত্ব করা হয়েছে।

oooooooooooooooooooo

দমদম স্টেশনের ৫ নম্বর প্ল্যাটফর্মে ট্র্যাকের রক্ষণাবেক্ষণের কাজের জন্য ৭ ই মে পর্যন্ত পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের বিভিন্ন শাখায় ট্রেন চলাচল নিয়ন্ত্রণ করা হবে। এই কদিন চক্র রেল এবং শিয়ালদা - মেন ও নর্থ সেকশনের বেশ কিছু ট্রেন বাতিল থাকবে বলে পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র জানিয়েছেন।

ooooooooooooooooooooo

সর্ব ভারতীয় ফুটবল ফেডারেশন আই লিগে সেরা দশটি পুরস্কার ঘোষণা করেছে। এরমধ্যে পাঁচটি পুরস্কার পেয়েছে আই লীগ জয়ী মহামেডান স্পোর্টিং। সেরা কোচ আন্দ্রে চেরনিশভ, সেরা গোলরক্ষক পদম ছেত্রী, সেরা মিডফিল্ডার মিরাজলোন কাসিমভ, এছাড়াও সেরা আয়োজক এবং সংবাদ মাধামের সংগে যোগাযোগের জন্য মহামেডান স্পোটিং পুরস্কার পেয়েছে। সেরা গোলদাতা ও সেরা ফুটবলারের পুরস্কার পেয়েছে গোকুলম কেরলের আলেজাদ্রো সাঞ্চেস লোপেজ । সেরা প্রতিভাবান ফুটবলার নির্বাচিত হয়েছে উত্তর কাশি দলের গিয়াম নিকুম। ট্রাউ এফসি এবার অবনমন হয়েছে। তারা পেয়েছে ফেয়ার প্লে ট্রফি পেয়েছে।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo